

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
প্রশাসন-১ শাখা

টেলিযোগাযোগ অধিদপ্তরের ৩১ তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|------------|--|
| সভাপতি | মোঃ কামরুজ্জামান অতিরিক্ত সচিব (টেলিকম), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), টেলিযোগাযোগ অধিদপ্তর। |
| সভার তারিখ | ২৮/১১/২০২১ খ্রিঃ |
| সভার সময় | বেলা ১১.০০ ঘটিকা |
| স্থান | সভা কক্ষ (কক্ষ নং-৪০৩), টেলিযোগাযোগ অধিদপ্তর, ৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা, তেজগাঁও, ঢাকা। |
| উপস্থিতি | অধিদপ্তরের সহকারী পরিচালক/ সমপর্যায় হতে তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণ (পরিশিষ্ট-ক দ্রষ্টব্য)। |

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনাতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|--------|---|---|--|
| ০১ | অক্টোবর, ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্য বিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়করণ | সভায় অংশগ্রহণকারী সকলের নিকট পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের সর্বসম্মতি চাওয়া হলে কোন সংশোধন না থাকায় গত ২৭/১০/২০২১ তারিখ ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | অধিদপ্তরের সকল কর্মকর্তা |
| ০২ | টেলিযোগাযোগ অধিদপ্তরের মুজিব বর্ষের কর্মসূচী পালন | মুজিব বর্ষ পালন উপলক্ষ্যে টেলিযোগাযোগ অধিদপ্তরে আগামী ১৫/১২/২০২১ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় অধিদপ্তরের অডিটরিয়ামে স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মহান বিজয় দিবস, ২০২১ উপলক্ষ্যে ডিওটির কর্মকর্তাগণ শারিরিক উপস্থিতিসহ এবং অনলাইন ভার্চুয়াল জুম প্ল্যাটফরমে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী প্রধান অতিথি এবং সচিব মহোদয় বিশেষ অতিথি হিসেবে যুক্ত থেকে আলোচনা সভায় অংশগ্রহণ করবেন। ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অধীনস্থ সংস্থাসমূহের প্রধানগণ ভার্চুয়ালী আলোচনা সভায় অংশগ্রহণ করবেন। প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষার্থীগণের অংশগ্রহণে অনলাইন রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের অডিটরিয়ামে পুরস্কৃত করা হবে। | অতিরিক্ত মহাপরিচালক (রেগুলেটরি) ও আস্থায়ক, আয়োজক কমিটি |

| | | | |
|----|---|---|--|
| ০৩ | সিটিডিআর প্রকল্প ও সিটিডিআর সেন্টারের দৈনন্দিন অপারেশনাল কার্যক্রম | <p>ক) সিটিডিআর সেন্টারের “Augmentation of CTDR system & Capacity enhancement” শীর্ষক কাজের স্পেশিফিকেশন প্রণয়ন সম্পন্ন হওয়ায় দরপত্র আহ্বান করতে হবে।</p> <p>খ) প্রস্তাবিত সিটিডিআর ফেইজ-২ প্রকল্পের প্রেরিত ডিপিপির বিষয়ে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সহিত যোগাযোগ করতে হবে।</p> <p>গ) প্রকল্পের চারটি গাড়ী টিওএন্ডইভুক্রকরণের বিষয়ে প্রেরিত তথ্যসহ জবাবের বিষয়ে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সহিত যোগাযোগ করতে হবে।</p> <p>ঘ) সিটিডিআর সেন্টারের স্থাপিত যন্ত্রপাতির সুরক্ষার জন্য অগ্নি-নির্বাপন ব্যবস্থার বাস্তবায়ন করতে হবে।</p> <p>ঙ) আগামী ৩০/১১/২০২১ তারিখে সিটিডিআর সেন্টারের পরিচালনা সংক্রান্ত SoP (বাংলা ভার্সন) মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা নিতে হবে।</p> | পরিচালক (সমন্বয়-পিএসটিএন ও গেটওয়ে) এবং অতিরিক্ত দায়িত্ব সিটিডিআর সেন্টার |
| ০৪ | সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা ডিজিটালকরণ শীর্ষক প্রকল্পের মাসিক প্রতিবেদন। | <p>পাঠ্যসূচীর ডিজিটাল কন্টেন্ট এনসিটিবির সুপারিশের আলোকে মন্ত্র সংশোধনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ঢাকা বিভাগের ঢাকা, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নরসিংদী ও গাজীপুর জেলার বাছাইকৃত ২০টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে আগামী এক সপ্তাহের মধ্যে প্রকল্পের মালামাল সরবরাহের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। জানুয়ারী, ২০২২ মাস থেকে সকল স্কুলে প্রকল্পের কাজ পুরোধমে শুরু করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ঢাকা ও পার্শ্ববর্তী জেলাসমূহের কাজ বাস্তবায়নের পর পর্যায়ক্রমে দুর্গম এলাকায় প্রকল্পের কাজ বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। প্রকল্পের প্রণীত স্পেশিফিকেশন ও চুক্তিপত্র যথাযথভাবে অনুসরণ করে প্রকল্পের কাজ বাস্তবায়ন করতে হবে।</p> | পরিচালক (আন্তর্জাতিক টেলিকম সংস্থা) এবং প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| ০৫ | অক্টোবর/ ২০২১ মাসের অধিদপ্তরের প্রদত্ত বিবিধ সেবা বিষয়ক প্রতিবেদন উপস্থাপন ও পর্যালোচনা | <p>টেলিযোগাযোগ অধিদপ্তরের প্রদত্ত সকল সেবাসমূহ স্ট্যাক হোল্ডারগণের অনুকূলে যথাযথভাবে প্রদানের নিমিত্তে পর্যায়ক্রমে সার্ভিস ট্র্যাকিং সফটওয়্যারের আওতায় নিয়ে আসার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। বিটিসিএল ও অন্যান্য সংস্থায় প্রেষণে কর্মরত পিআরএলগামী কর্মকর্তা-কর্মচারীগণের যথাসময়ে অবসর প্রদান ও অবসরোত্তর ছুটি (পিআরএল) মঞ্জুরীর নিমিত্তে মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক যথাসময়ে অধিদপ্তরে যোগদানের বিষয়টি নিশ্চিত করতে হবে। ডিওটি থেকে সিএন্ডএফও অফিসে প্রেরিত অনিষ্পন্ন পেনশন কেইসসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। অধিদপ্তরে যোগদানকৃত ও পিআরএল ভোগরত কর্মকর্তা-কর্মচারীগণের আইবাস সিস্টেমে বেতন-ভাতা প্রাপ্তিতে সৃষ্ট জটিলতা নিরসণে বিটিসিএল কর্তৃক পূর্ণ মাসের বেতন-ভাতা প্রদান করে বিমুক্তকরণের ডিওটির অফিস আদেশের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।</p> | পরিচালক (ফ্রিকোয়েন্সি ব্যবস্থাপনা) ও আহ্বায়ক, সেবা মনিটরিং কমিটি/ পরিচালক (প্রশাসন)/ পরিচালক (অর্থ) |
| ০৬ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) | <p>ক) দেশের টেলিযোগাযোগ অবকাঠামো, যন্ত্রপাতি, সেবা ও পদ্ধতিতে প্রমিত মান নিশ্চিতকরণে ডিওটির কর্মপরিকল্পনা প্রণয়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p> <p>খ) সরকারি ও বেসরকারি টেলিযোগাযোগ সেবা পরিচালনকারীর অবকাঠামো ও সেবার বিস্তৃতি, সেবার মান ও গ্রাহক সন্তুষ্টি ইত্যাদি বিষয়ে সমীক্ষা পরিচালনার নিমিত্তে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p> | ক) অতিরিক্ত মহাপরিচালক (কারিগরি) ও আহ্বায়ক, গঠিত কমিটি খ) অতিরিক্ত মহাপরিচালক (কারিগরি) ও আহ্বায়ক, গঠিত কমিটি |

| | | | |
|----|--|---|---|
| ০৭ | শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম | <p>ক) টেলিযোগাযোগ অধিদপ্তরের অনলাইন সেবা ট্র্যাকিং সিস্টেমে পর্যায়ক্রমে সকল সেবাসমূহ অন্তর্ভুক্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p> <p>খ) বিদ্যমান ভাল অভ্যাস (Best Practice)/ কার্যক্রমসমূহের প্রসার (enhance) এবং সেবাগ্রহীতাকে অবহিতকরণ শীর্ষক গৃহীত কার্যক্রমসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p> <p>গ) কারিগরি ও নীতি-সহায়তা সংক্রান্ত দায়িত্ব পালন-পদ্ধতি লিপিবদ্ধকরণ ও সহকর্মীদের মধ্যে অবহিতকরণ শীর্ষক গৃহীত কার্যক্রমসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p> | <p>পরিচালক (ফ্রিকোয়েন্সি ব্যবস্থাপনা) ও আহ্বায়ক, সার্ভিস ট্র্যাকিং পরিবীক্ষণ কমিটি</p> <p>খ) পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (ইউএসওএফ ব্যবস্থাপনা)</p> <p>গ) পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (ইউএসওএফ ব্যবস্থাপনা)</p> |
| ০৮ | টেলিযোগাযোগ অধিদপ্তরের তথ্যের ক্যাটাগরী ও ক্যাটালগ তৈরীর কার্যপদ্ধতি | টেলিযোগাযোগ অধিদপ্তরের তথ্য অধিকার কর্মপরিকল্পনা (২০২১-২০২২) এর আওতায় অধিদপ্তরের তথ্যের ক্যাটাগরী ও ক্যাটালগ তৈরি/ হালনাগাদকরণের জন্য প্রণীত খসড়া বুকলেট চূড়ান্তকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপপরিচালক (ফ্রিকোয়েন্সি এলোকেশন) |
| ০৯ | বিবিধ | <p>ক) টেলিযোগাযোগ অধিদপ্তরের বিবিধ সেবা প্রদান বিষয়ক সার্ভিস ট্র্যাকিং সফটওয়্যারে গৃহীত আবেদনসমূহের নিষ্পত্তি প্রতিবেদন ডিসেম্বর, ২০২১ মাসে প্রেরণ করতে হবে।</p> <p>খ) টেলিযোগাযোগ অধিদপ্তরে যোগদানকারী এবং পিআরএল ভোগরত কর্মকর্তা-কর্মচারীগণের তথ্য আইবাস ++ সিস্টেমে এন্ট্রির জটিলতায় প্রায় ২৫০ জন কর্মকর্তা-কর্মচারী পিআরএলকালীন বেতন-ভাতাদি প্রাপ্যতার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p> <p>গ) টেলিযোগাযোগ অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণের অফিস কক্ষের স্বল্পতা নিরসনের জন্য টেলিযোগাযোগ প্রশিক্ষণ কেন্দ্রের ছাত্রাবাস ভবনের উত্তর পার্শ্বস্থ ২য় ও ৩য় তলায় ১৮ টি কক্ষ বিটিসিএল থেকে ভাড়া নেয়ার বিষয়ে বিটিসিএলের প্রদত্ত অনুমোদনের বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।</p> <p>ঘ) টেলিযোগাযোগ অধিদপ্তরের অডিট আপত্তি বিষয়ক একটি নিয়মিত এজেন্ডা প্রতি মাসের সমন্বয় সভায় অন্তর্ভুক্ত করতে হবে।</p> <p>ঙ) চলতি অর্থ বছরে ডিসেম্বর, ২০২১ পর্যন্ত ডিওটি বরাদ্দকৃত বাজেট পর্যালোচনা করে সংশোধিত বাজেট প্রণয়নের পদক্ষেপ গৃহীত হবে। ফলে পন্য, ভৌত ও অবকাঠামোগত কার্য এবং সেবা ক্রয়ের ক্ষেত্রে বাজেটে বরাদ্দকৃত অর্থ যৌক্তিকতা সাপেক্ষে ব্যয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। অন্যথা সংশোধিত বাজেটে উহা প্রতিফলিত হতে পারে।</p> | <p>ক) পরিচালক (ফ্রিকোয়েন্সি ব্যবস্থাপনা)</p> <p>খ) পরিচালক (অর্থ)</p> <p>গ) পরিচালক (প্রশাসন)/ পরিচালক (অর্থ)</p> <p>ঘ) পরিচালক (অর্থ)/ উপপরিচালক (নিরীক্ষা)</p> <p>ঙ) পরিচালক (অর্থ)/ পরিচালক (প্রশাসন)/ পরিচালক (সিটিডিআর)</p> |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

মোঃ কামরুজ্জামান
অতিরিক্ত সচিব (টেলিকম), ডাক ও
টেলিযোগাযোগ বিভাগ এবং মহাপরিচালক
(অতিরিক্ত দায়িত্ব), টেলিযোগাযোগ অধিদপ্তর।


স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.২৪৩

তারিখ: ৬ পৌষ ১৪২৮

২১ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ/ কারিগরি/ রেগুলেটরি), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৩) পরিচালক (সকল)/ পরিচালক (ইঞ্জিঃ), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৪) উপপরিচালক (সকল)/ বিভাগীয় প্রকৌশলী/ চিফ সুপার (টেলিগ্রাফ), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৫) সিনিয়র সহকারী পরিচালক/ উপবিভাগীয় প্রকৌশলী, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৬) সহকারী পরিচালক (সকল)/ সহকারী প্রকৌশলী/ হিসাব রক্ষণ কর্মকর্তা, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৭) অফিস কপি।



আহাম্মদ উল্লাহ
উপপরিচালক